[redacted]

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

## মে/২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: ওবায়দুর রহমান বেলাল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

সভার তারিখ : ৩০ মে ২০২১ খ্রি:।

সময় : দুপুর ১২.৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ,মাদারগঞ্জ, জামালপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ সভায় অনুপস্থিত কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। তাছাড়া আবশ্যিকভাবে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০২. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে আমন ধানের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদান প্রণোদনা কমূসূচি বাস্তবায়নের বরাদ্দ পাওয়া গিয়াছে। সে অনুযায়ী প্রণোদন কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। বিভাগীয় কাজে তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হল। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৩. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা এডিপির আওতায় প্রাপ্ত বরাদ্দের প্রেক্ষিতে PIC মাধ্যমে যে প্রকল্পগুলো আছে তা দ্রুত সময়ের মধ্যে প্রকল্প কমিটি গঠণ করে প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তাছাড়া RFQ পদ্ধতির প্রকল্পগুলো অফিসের মাধ্যমে দ্রত সময়ে শেষ করা হবে। তাছাড়া চরপাকেরদহ ইউনিয়নের ০২ টি রাস্তা মাটি ভরাট করার জন্য সভায় আলোচনা করেন। তিনি আরও বলেন, উপজেলা পরিষদের অভ্যন্তরীন আরসিসি রাস্তার নির্মাণ কাজের দৈর্ঘ্য ১৬০ মিটার ধরে ২১,১১,৬৮৪/- টাকা প্রাক্কলন প্রস্তুত করে দরপত্র আহবান করে ঠিকাদার নিয়োগ করা হয়েছিল। পরবর্তীতে রাস্তার দৈর্ঘ্য ২১০ মিটার হওয়ায় সংশোধিত প্রাক্কলন মূল্য ২২,৮৬,০৯৭/- টাকা প্রস্তুত করা হয়েছে। যা অনমোদনের জন্য সভায় পেশ করা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে ৩০ জুন/২০২১ খ্রি: তারিখের মধ্যে গৃহীত প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন এবং এলজিএসপি-৩ প্রকল্পের অর্থ দ্বারা চরপাকেরদহ ইউনিয়নের রাস্তা ০২ টি মাটি ভরাট কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরীন আরসিসি রাস্তার নির্মাণ কাজের সংশোধিত প্রাক্কলন অনুমোদন দেয়া হলো।বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর।<br>২। চেয়ারম্যান, চরপাকেরদহ ইউপি, মাদারগঞ্জ। |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, চলতি মে/২০২১ মাসে তাঁর দপ্তরের কার্যক্রমসূহ:<br>প্রশিক্ষণ = ১৭ টি<br>রাজস্ব আদায় = ৪৪,৮১৫/-, চিকিৎসা (গবাদি পশু) = ১৮৪৯ টি<br>চিকিৎসা (হাঁস মুরগী) = ১৯৫১৭ টি,<br>টিকাদান (গবাদি পশু) = ২৭০৮ টি<br>টিকাদান(হাঁস মুরগী) = ৬২৪০০ টি, কৃত্রিম প্রজনন = ১০২৮ টি<br>সংকর জাতের বাছুর উৎপাদন = ২৭৪ টি | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০৫. | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় মাদারগঞ্জ উপজেলায় ০২ টি পুকুর পুন:খনন প্রায় শেষ পর্যায়ে এবং ভুরভুরিয়া বিলে নাসারির জন্য ২.০০ কেজি রেনু মজুদ আছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৬. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান স্কুলফিডিং কার্যক্রমে ২০ প্যাকেট করে বিস্কুট প্রতি শিশুর মাঝে বাড়ী বাড়ী বিতরণ হচ্ছে এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্যবিধি মেনে বিস্কুট বিতরণসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ,জামালপুর।<br>২.উপজেলা শিক্ষা অফিসার, |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে চলতি মাসে স্থায়ী বন্ধাকরণ-০৪ জন, আইইউডি-০৯ জন, ইমপ্লান্ট-৫৫ জন, ইনজেকশন-৬৬৭ ভায়েল, খাবার বড়ি (সুখী)-১১৬৫৭ চক্র, খাবার বড়ি আপন-২৫৫ চক্র, কনডম-৯২১৩ পিস এবং ইসিপি-০৮ জনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিবার প[illegible] কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি বলেন মহামারী করোনা ভাইরাসের জন্য সরকার কর্তৃক সিদ্ধান্ত মোতাবেক সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশনা রয়েছে। এ উপজেলা কিছু প্রাইভেট স্কুল/কোচিং সেন্টার খোলা থাকায় জেনারেল শিক্ষা প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। তাই মোবাইল কোর্টের মাধ্যমে প্রাইভেট স্কুল/কোচিং সেন্টার বন্ধ করার জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া সকল ছাত্র-ছাত্রীদেরকে অনলাইন ক্লাশে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করে। | এ উপজেলাধীন সকল প্রাইভেট স্কুল/কোচিং সেন্টার যাতে খোলা না হয় সেদিকে খেয়াল রাখার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। তাছাড়া অফিসার ইনচার্জ, মাদারগঞ্জ মডেল থানা, জামালপুরকে টহল পুলিশের মাধ্যমে অধিকতর নজর রাখা ও সকল ছাত্র-ছাত্রীরদেরকে অনলাইন ক্লাশে মনোযোগী করার জন্য অভিভাবকদের সচেতন থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। অফিসার ইনচার্জ, মাদারগঞ্জ মডেল থানা, জামালপুর।<br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ।<br>৩. চেয়ারম্যান, সকল ইউপি, মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৯. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ সভায় নিয়মিত ভাতাভোগীদের নগদ হিসাব খোলা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে শতভাগ ভাতাভোগীর কার্যক্রম দ্রুত চলছে। তাছাড়া তাঁর দপ্তরে নতুন ভাতার সংখ্যা-৩০৮ টি। প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীকে সহযোগিতা করার সুযোগ হয়েছে। অপরদিকে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের মাধ্যমে বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তবে এই প্রকল্পের জনবল না থাকায় কার্যক্রম ব্যাহত হচ্ছে। ইতিমধ্যে ০২(দুই) টি প্রকল্পের কাজ শেষ হয়েছে এবং ০১ টি প্রকল্পের কাজ অনুমোদন হয়েছে। রাস্তার জমির সমস্যার কারণে কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জনবলের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রদান এবং সার্ভেয়ার দ্বারা রাস্তার জমি সরেজমিনে পরিমাপ করে দ্রুত অনুমোদনকৃত প্রকল্পের কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ।<br>২। সার্ভেয়ার উপজেলা ভূমি অফিস, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছরে ২য় পর্যায়ে ইজিপিপিসহ টিআর, কাবিটা ও ২য় পর্যায়ে ক শ্রেণি ভূমিহীন-গৃহহীন পরিবারের গৃহ নির্মাণ কাজ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান এবং দায়িত্বপ্রাপ্ত স্ব স্ব ইউপির ট্যাগ অফিসারগণকে জুন/২০২১ মাসের মধ্যে কাজগুলো দ্রত বাস্তবায়নের নিমিত্ত তদারকি করার জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন, এ উপজেলাধীন ৭ নং সিধুলী ইউনিয়নে বিদ্যুৎ পৃষ্ট হয়ে মারা যাওয়ায় ০২(দুই) জন ব্যক্তিকে ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা, বালিজুড়ী বাজারস্থ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ০১ টি পরিবারকে ২০,০০০/-(বিশ হাজার) টাকা এবং ঝড়ে ক্ষতিগ্রস্থ ২৫০ টি পরিবারকে ত্রাণ সামগ্রী সরবরাহ বাবদ ৮৩,০০০/- টাকা সর্বমোট ১,৪৩,০০০/-(এক লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সভায় অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যান ও ট্যাগ অফিসারগণকে নির্ধারিত তারিখের মধ্যে গৃহীত প্রকল্পের কাজগুলো দ্রুত সমাপ্ত করা এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নীতিমালা মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে ১,৪৩,০০০/-(এক লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। অপরদিকে তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর।<br>২। পি.আই.ও মাদারগঞ্জ, জামালপুর।<br>৩। ট্যাগ অফিসার (সকল) মাদারগঞ্জ,জামালপুর।<br>৪। চেয়ারম্যান (সকল)ইউপি মাদারগঞ্জ,জামালপুর। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় অনুপস্থিত এবং সভায় কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান চেয়ারম্যান, আদারভিটা ইউপি এবং চরপাকেরদহ ইউপি এখনোও খাদ্য গুদাম হতে চাল উঠানো হয়নি। দ্রুত সময়ের মধ্যে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগনকে চাল উঠানোর জন্য অনুরোধ করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে বলে জানান। | চেয়ারম্যান, আদারভিটা ইউপি এবং চরপাকেরদহ ইউপিকে খাদ্য গুদাম হতে দ্রুত সময়ের মধ্যে চাল উঠানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।অপরদিকে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর।<br>২। চেয়ারম্যান, চরপাকেরদহ ও আদারভিটা ইউপি, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৪. | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা জানান, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০১৯-২০২০ অর্থ বছরে সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। আশ্রয়ণ এবং ০২ টি নারী উন্নয়ন প্রকল্পের ঋণ আদায় ও দাদন কার্যক্রম চলমান আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছর অগ্রাধিকারমূলক গ্রামীন পানি সরবরাহ প্রকল্পের পানির উৎসের অতিরিক্ত বরাদ্দ এবং ২৫(পঁচিশ) টি গভীর নলকূপ স্থাপনের জায়গাসহ তালিকা পাওয়া গিয়াছে। নলকূপের স্থাপন কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন এবং নতুন অফিস ভবনের স্থান নির্বাচন করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | নলকূপ স্থাপনের কাজ দ্রুত শেষ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৬. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ সভায় অনুপস্থিত কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছরে ভিজিডি চক্রের ময়মনসিংহ হতে কার্ড ছাপানো এবং পরিবহন বাবদ ৫৮,০০০/-(আটান্ন হাজার) টাকা খরচ হয়েছে। এ খাতে কোন বরাদ্দ না থাকায় ব্যয় পরিশোধ করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে ব্যয় নির্বাহের বিল পরিশোধের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যয় নির্দেশিকা ২০২০ এর নীতিমালার আলোকে কার্ড ছাপানোর বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভিবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৯. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন করার লক্ষ্যে এ উপজেলায় ২৭০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে সার বিতরণ করা হয়েছে। বিতরণ কার্যক্রম এখনোও চলমান আছে। তাছাড়া জুন/২০২১ মাসের ২য় সপ্তাহের মধ্যেই ১০০ জন পাটচাষীকে প্রশিক্ষণ দেয়া হবে। এ বিষয়ে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কোভিড-১৯ অনুসরণ পূর্বক স্বাস্থ্যবিধি মেনে সার বিতরণ এবং প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২০. | উপজেলা পিডিবিএফ বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে মোট সমিতি ৯০ টি এবং সদস্য সংখ্যা-৩৩৫২ জন। এখানে ঋণের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় ও বিতরণ কার্যক্রমে কোন সদস্য যাতে করে হয়রানি স্বীকার না হয় সেদিকে খেয়াল রাখাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২১. | উপজেলা বন বিভাগ | ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ফরেষ্টার মাদারগঞ্জ,জামালপুর। |
| ২২. | আমার বাড়ী আমার খামার প্রকল্প। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তার দপ্তরের মে/২০২১ মাসের<br>ক্ষুদ্র ঋণ বিতরণ : ৩৪.৯০ লক্ষ<br>আদায় : ৪০.৭ লক্ষ<br>মোট আদায়ের হার = ৭০%। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর। |
| ২৩. | ফায়ার সার্ভিস বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৪. | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য কর্মকর্তা, মাদারগঞ্জ সভায় অনুপস্থিত কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | তথ্য আপা মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৫. | ইসলামী ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর সভায় অনুপস্থিত কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬. | বিবিধ আলোচনা | ক. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি তহবিল এর আওতায় ০৪(চার) কিস্তিতে থোক বরাদ্দ বাবদ সর্বমোট ৮৪,৪৬,০০০/-(চুরাশি লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা মাত্র বরাদ্দ পাওয়া গিয়াছে। গত ১৮-০২-২০২১ খ্রি: তারিখের মাসিক সভায় সম্ভাব্য ৭১,৬০,০০০/-(একাত্তর লক্ষ ষাট হাজার) টাকার প্রকল্প গ্রহণ করা হয়। যাহা উপজেলা প্রকৌশলীর মাধ্যমে বাস্তবায়ন কাজ চলমান। প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী (৮৪,৪৬,০০০-৭১,৬০,০০০) = ১২,৮৬,০০০/-(বার লক্ষ ছিয়াশি হাজার) টাকার প্রকল্প গ্রহণ ব্যতিরেকে অব্যয়িত আছে। যাহা জরুরী ভিত্তিতে প্রকল্প গ্রহণপূর্বক ব্যয় নিশ্চিত করা প্রয়োজন। এখানে উল্লেখ্য করা যাইতেছে যে, ১৮-০২-২০২১ খ্রি: তারিখের মাসিক সভায় ০৪(চার) টি প্রকল্পের জন্য গৃহীত সম্ভাব্য বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ২য় ধাপে বাস্তবায়ন করা হয়েছিল। উক্ত ০৪(চার) টি প্রকল্পের মধ্য হতে "তেঘরিয়া বাজার কেন্দ্রীয় সাংস্কৃতিক কেন্দ্রের চত্বর উন্নয়ন" করার জন্য ৮,০০,০০০/-(আট লক্ষ) টাকা অনুমোদন করা হয়েছিল। উক্ত চত্বরের আয়তন বৃদ্ধি পাওয়ায় বরাদ্দকৃত ৮,০০,০০০/- টাকার স্থলে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা প্রকৌশলী সভায় পেশ করেন। এমতাবস্থায়, অব্যয়িত ১২,৮৬,০০০/- টাকার মধ্য হতে "তেঘরিয়া বাজার কেন্দ্রীয় সাংস্কৃতিক কেন্দ্রের চত্বর উন্নয়ন" কাজের জন্য ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদন দেয়ার জন্য সভায় পেশ করা হয়। এখানে আরও উল্লেখ্য যে, সুখনগরী মির্জা আজম ইনষ্টিটিউট অব মেডিক্যাল টেকনোলজি ভবন নির্মাণ কাজের অনুকূলে এডিপির অব্যয়িত ২,৮৬,০০০/- টাকা (যদি উক্ত প্রকল্পে অন্যান্য প্রকল্পের ব্যয় মিটানোর পর অব্যয়িত থাকে তা সহ) মোট ২,৮৯,১৯৩/- টাকা ব্যয় করার প্রস্তাব পেশ করা হয়। উল্লিখিত তেঘরিয়া বাজারে মির্জা আজম সাংস্কৃতিক কেন্দ্রের চত্বর উন্নয়ন কাজটি জরুরী ভিত্তিতে আর.এফ.কিউ (কোটেশন) এর মাধ্যমে বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জকে অনুরোধ করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে তেঘরিয়া বাজারে মির্জা আজম সাংস্কৃতিক কেন্দ্রের চত্বর উন্নয়ন" প্রকল্পটি আর.এফ.কিউ (কোটেশন) এর মাধ্যমে বাস্তবায়ন এবং সুখনগরী মির্জা আজম ইনষ্টিটিউট অব মেডিক্যাল টেকনোলজি ভবন নির্মাণ কাজে ২,৮৯,১৯৩/- টাকা ব্যয় করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের প্রস্তাব অনুযায়ী সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বা... মাদারগঞ্জ, জামা...<br>২। উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| | | খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, তথ্য প্রযুক্তি সেবার মান বৃদ্ধি করার লক্ষ্যে উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা ডিজিটাল সেন্টার কেন্দ্র স্থাপন করার প্রয়োজন। এ বিষয়ে ০১ (এক) জন পুরুষ ও ০১(এক) জন মহিলা উদ্যেক্তা নিয়োগসহ একটি অফিস কক্ষ বরাদ্দ এবং উপজেলা পরিষদের TO & E-তে অন্তর্ভূক্ত ডিজিটাল সেন্টারে অফিস সরঞ্জাম ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা ডিজিটাল সেন্টার কেন্দ্র স্থাপন ও এবং বিধি মোতাবেক ০২(দুই) জন উদ্যেক্তা নিয়োগসহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নীতিমালা ২০২০ এর ৩ "চ" এর অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ডিজিটাল সেন্টারের ব্যবহারের জন্য অফিস সরঞ্জাম ক্রয় করার সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| | | গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, মেয়র, মাদারগঞ্জ পৌরসভা কর্তৃক ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিষদ কার্যালয় এবং বাসাসমূহের ৪,৮৫,৮৬০/-(চার লক্ষ পঁচাশি হাজার আটশত ষাট) টাকা পৌরকর এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বালিজুড়ী ইউনিয়ন ভূমি অফিস, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিষদের মালিকানাধীন ভূমির উপর ১৬,০২০/- টাকা ভূমি উন্নয়ন কর দাখিল করেছেন। তাছাড়া উপজেলা পরিষদ ভবনের জুলাই/২০২০ মাস হতে জুন/২০২১ মাস পর্যন্ত বিদ্যুৎ বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরে পৌরকর ও ভূমি উন্নয়ন কর এবং বিদ্যুৎ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নীতিমালা ২০২০ এর ৩ "ঢ" এর বিদ্যুৎ/ভূমি উন্নয়ন কর হতে ব্যয় করার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| | | ঘ. ২০২০-২০২১ অর্থ বছরে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের ব্যবহৃত পাজেরু জীপগাড়ীর বিভিন্ন মালামাল ক্রয় ও মেরামত বাবদ ৬,১৫০/- টাকা এবং উপজেলা পরিষদ ভবনের সাবমার্সিবল বোরিং মেরামত এবং মালামাল ক্রয় বাবদ ৪৬,১০০/-(ছেচল্লিশ হাজার একশত) টাকার বিল পরিশোধ করার জন্য আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নীতিমালা অনুযায়ী বিল পরিশোধে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঙ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের বাজেট প্রনয়ণ করার জন্য আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নীতিমালা অনুযায়ী বাজেট প্রনয়ণ করার সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| | | চ. উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ১৪২৬ বাংলা সন হতে ১৪২৮ বাংলা সন পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের নিয়ন্ত্রণাধীন ১৭ টি হাট-বাজারের ইজারাকৃত অর্থ হতে সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা অনুযায়ী খাতওয়ারি অর্থ বিভাজন করে ছাড় দেয়ার আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাট-বাজারের নীতিমালা অনুযায়ী ছাড় করার সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |

অতঃপর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

৩০.০৫.২০২১

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-৬৩১/০১ তারিখ ঃ ৩০ মে ২০২১ খ্রি:।

কার্যার্থে অনুলিপি ঃ
১। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ,সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি ঃ
১। আলহাজ মির্জা আজম, এমপি, সভাপতি, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
৬। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৮। অফিস কপি।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।